

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪০১  
আগরতলা, ১৪ জুন, ২০২৪

### কাছাড়িছড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে নিষ্কয় দিবস

উনকোটি জেলার কুমারঘাট মহকুমার কাছাড়িছড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্র ও সায়দাবাড়ি আয়ুষ্মান আরোগ্য মন্দিরের তিপরাবস্তুতে গতকাল নিষ্কয় দিবস পালন করা হয়। তাছাড়াও জেলার ক্ষুদিরাম পাড়ার অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গতকাল গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস এবং স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য শিবিরে এলাকার ৬৫ জনকে চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়েছে। শিবিরে ২৮ জনের রক্তের নমুনা সংগ্রহ ও আর ডি কিটে রক্ত পরীক্ষা করা হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*